**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-গাজীপুর
জি-১৫৯, রাজদিঘীর পশ্চিম পাড়, গাজীপুর।
www.taxeszonegazipur.gov.bd

নথি নং-১৩/জনবল নিয়োগ/কঃঅঃ-গাজী/২০২৪-২০২৫/ তারিখ : ১৮/০৮/২০২৪ খ্রি.

# নিয়োগপত্র

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীন সম্পদ বিভাগ, শাখা-৩ (আয়কর) এর নথি নং-০৮.০০.০০০০.০৩৭.১১.০০১.১৯.৯১/১, তারিখ : ০৭/০৩/২০২২ খ্রি. তারিখের ছাড়পত্র মোতাবেক কর অঞ্চল-গাজীপুর এর বিভাগীয় নির্বাচন কমিটির ২২/০২/২০২৪ খ্রি. তারিখের সুপারিশের প্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রার্থীকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর বেতনক্রম টাঃ ১০,২০০-২৪,৬৮০/- (গ্রেড-১৪) ও সরকার অনুমোদিত অন্যান্য ভাতাদিসহ কর অঞ্চল-গাজীপুর এর অধীনে নিম্নলিখিত শর্তাবলী পরিপালন সাপেক্ষে **"সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর"** পদে অস্থায়ী ভিত্তিতে মেধাক্রমানুসারে নিয়োগ প্রদান করা হলো-

| ক্রমিক নম্বর | প্রার্থীর নাম, জন্ম তারিখ ও রোল নম্বর | পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | নিজ জেলা |
|---|---|---|---|---|
| ১ | **মিজ্ সুলতানা রহমান**<br>জন্ম তারিখ : ০৩/০১/১৯৯৬ খ্রি.<br>রোল নম্বর : ১২০০০৩৫ | পিতা : মোকলেছ<br>মাতা : বিলকিছ বেগম | গ্রাম : জাঙ্গালিয়া<br>ডাকঘর : নয়নাবাদ-১৪৪০<br>উপজেলা : আড়াইহাজার, জেলা : নারায়ণগঞ্জ। | নারায়ণগঞ্জ |

২। <u>শর্তাবলী নিম্নরূপঃ-</u>

(ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থী যোগদানের তারিখ হতে ২(দুই) বছরের জন্য শিক্ষানবীশ হিসাবে কর্মরত থাকবেন। শিক্ষানবীশকালে তাঁর কাজকর্ম ও আচরণ সন্তোষজনক প্রতীয়মান না হলে তাঁর শিক্ষানবীষকালের মেয়াদ বর্ধিত করা হতে পারে। বর্ধিত সময়েও তাঁর কাজকর্ম ও আচরণ সন্তোষজনক না হলে নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন সময়ে তাঁর চাকুরীর অবসান ঘটাতে পারবেন।

(খ) নিয়োগপ্রাপ্ত প্রার্থী প্রজাতন্ত্রের যে কোন স্থানে চাকুরী করতে বাধ্য থাকবেন।

(গ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে নিজ ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন কর্তৃক শারীরিক যোগ্যতার স্বাস্থ্যগত সনদপত্র যোগদানের সময়ে দাখিল করতে হবে। দাখিলকৃত সনদে কোন বিরূপ মন্তব্য থাকলে কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে তাঁর নিয়োগ বাতিল করার ক্ষমতা রাখেন।

(ঘ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে যোগদানের সময় প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র এবং নিয়োগপত্রের মূল কপি প্রদর্শনপূর্বক অনুলিপি দাখিল করতে হবে।

(ঙ) সম্প্রতি তোলা এমন (২০২৪ সালের ১লা জুলাই এর পূর্বে নয়) পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি, শিক্ষাগত যোগ্যতা ও বয়স প্রমাণের নিমিত্ত মূল সার্টিফিকেট এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক উক্ত সার্টিফিকেটসমূহের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

(চ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে যোগদানের সময় স্থাবর ও অস্থাবর সম্পত্তির বিবরণ সংক্রান্ত নির্ধারিত ফরম পূরণ করে জমা দিতে হবে।

(ছ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীর দাখিলকৃত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে নিয়োগকারী কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময়ে তাঁর নিয়োগ বাতিল করতে পারবেন।

(জ) চাকুরীতে নিয়োগপ্রাপ্ত প্রার্থীর জ্যেষ্ঠতা সংশ্লিষ্ট পদের জন্য প্রণীত মেধাক্রম অনুযায়ী নির্ধারিত হবে।

(ঝ) চাকুরীতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(ঞ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে সরকারের প্রচলিত আইন, আদেশ এবং বিধি-বিধান দ্বারা এই নিয়োগ নিয়ন্ত্রিত হবে।

চলমান পাতা-২

Scanned with CamScanner

৩। যোগদানের তারিখ হতে এই নিয়োগ কার্যকর হবে।

৪। উপর্যুক্ত শর্তাবলীর আওতায় চাকুরীতে যোগদানে সম্মত হলে আগামী ০১/০৯/২০২৪ খ্রি. তারিখে অফিস চলাকালীন সময়ে কর কমিশনারের কার্যালয়, কর অঞ্চল-গাজীপুর, জি-১৫৭, রাজদিঘীর পশ্চিম পাড়, গাজীপুর সদর, গাজীপুর-এ উপস্থিত হয়ে কর কমিশনার, কর অঞ্চল-গাজীপুর বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে কোন সন্তোষজনক কারণ ব্যতিরেকে নিয়োগপ্রাপ্ত প্রার্থী চাকুরীতে যোগদানে ব্যর্থ হলে তাঁর এই নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৫। জনস্বার্থে এই নিয়োগ প্রদান করা হলো এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ তা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাঃ ১৮/০৮/২০২৪
(তৌহিদুল মুনির)
কর কমিশনার
কর অঞ্চল-গাজীপুর
ফোন : ০২-২২৪৪২৪২২১

নথি নং-১৩/জনবল নিয়োগ/কঃঅঃ-গাজী/২০২৪-২০২৫/৬৪(১-৬০) তারিখ : ১৮/০৮/২০২৪ খ্রি.

**অনুলিপি :** সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১। সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা/কর আপীল ও অব্যাহতি/কর নীতি/অডিট, ইন্টেলিজেন্স এন্ড ইনভেস্টিগেশন/ তথ্য ব্যবস্থাপনা ও সেবা৩/কর জরীপ ও পরিদর্শন/লিগ্যাল এন্ড এনফোর্সমেন্ট/ইন্টারন্যাশনাল ট্যাক্সেস), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
৩। সিভিল সার্জন, ............................................................................।
৪। দ্বিতীয় সচিব, প্রশিক্ষণ ও এসিআর/কর প্রশাসন-১/কর প্রশাসন-২, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৫। ম্যানেজার, বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক লিঃ, কোর্ট বিল্ডিং শাখা, গাজীপুর/ প্রধান শাখা, টাঙ্গাইল।
৬। জেলা হিসাব রক্ষন কর্মকর্তা, গাজীপুর/টাঙ্গাইল।
৭। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কাপাসিয়া/কালীগঞ্জ/কালিয়াকৈর, গাজীপুর এবং মির্জাপুর/মধুপুর/ঘাটাইল, টাঙ্গাইল।
৮। জনাব/মিজ্ ......................................................................................................।
৯। হিসাব ও বাজেট শাখা/গোপনীয় শাখা, কর অঞ্চল-গাজীপুর।
১০। অফিস কপি।

১৮.০৮.২০২৪
(মোঃ সোহেল রানা)
উপ কর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন)
কর অঞ্চল-গাজীপুর।
ফোন : ০২-২২৪৪২৪২২১

Scanned with CamScanner